# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৭০

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - উসমান (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفصْلُ الثَّنِ (بَاب مَنَاقِب عُثْمَان)

আরবী

عَن طَلْحَةَ بْنِ عُبَيْدِ اللَّهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لِكُلِّ نَبِيٍّ رَفِيقٌ وَرَفِيقِي - يَعْنِي فِي الْجنَّة - عُثْمَان» رَوَاهُ التِّرْمِذِيّ

اسناده ضعیف ، رواه الترمذی (3698 وقال : غریب ، لیس اسناده بالقوی ‘‘ الخ) و انظر الحدیث الآتی (6062) * فیہ شیخ من بنی زھرة : لم اعرفہ ، و شیخہ حارث بن عبد الرحمن بن ابی ذباب لم یدرک طلحة رضی اللہ عنہ (انظر تحفة الاشراف 4 / 212) ۔
(ضَعِيف)

বাংলা

৬০৭০-[২] ত্বলহাহ্ ইবনু উবায়দুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: প্রত্যেক নবীরই এক একজন রফীক (সাথি) রয়েছেন, আর জান্নাতে আমার রফীক উসমান। (তিরমিযী)

ফুটনোট

যঈফ: তিরমিযী ৩৬৯৮, ইবনু মাজাহ ১০৯, য'ঈফুল জামি ৪৭৩৮, য'ঈফাহ ২২৯২, আবূ ইয়া'লা ৬৬৫; কারণ 'উসমান ইবনু খালিদ আল উসমানী অপরিচিত, য'ঈফাহ্ ২২৯২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (لِكُلِّ نَبِيٍّ رَفِيقٌ)বলা হয় ঐ ব্যক্তিকে, যে ব্যক্তি তোমার সাথে বন্ধুত্ব করে বা বন্ধুত্বপূর্ণ আচরণ করে। (وَرَفِيقِي ـ يَعْنِي فِي الْجنَّة ـ عُثْمَان) নবী (সা.) -এর কথা ছিল ব্যাপকতার ভিত্তিতে যা দুনিয়া ও আখিরাত উভয়কালকে শামিল করে। উক্ত হাদীস দ্বারা অন্যান্যদের বন্ধুত্ব সম্পর্ক অস্বীকার করা হয় না বরং এ কথা থেকে উপকার হাসিল হয় যে, প্রত্যেক নবীর বন্ধু একজন আর নবী (সা.) -এর বন্ধু একাধিক। আর হাদীসটি শুধুমাত্র ‘উসমান (রাঃ)-এর আলোচনায় তাঁর সম্মান ও মর্যাদাকে উঁচু করা হয়েছে। (মিরক্বাতুল মাফাতীহ; তুহফাতুল আহওয়াযী ৯ম খণ্ড, হা. ৩৭০৭)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ তালহা ইবনু উবায়দুল্লাহ্ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86046

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন